পায়ের গোড়ালিগুলোর জন্য জাহান্নামের ‘আযাব রয়েছে।

আবূ হুরায়রা, আব্দুল্লাহ ইবন আমর এবং আয়েশা রাদিয়াল্লাহু আনহুম থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “পায়ের গোড়ালিগুলোর জন্য জাহান্নামের ‘আযাব রয়েছে।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - উভয় বর্ণনা মুত্তাফাকুন আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওযূর বিষয়টিকে হালকা ও খাট করে দেখা থেকে সতর্ক করেন এবং তিনি ওযূকে পরি-পূর্ণরূপে করার প্রতি যত্নবান হতে উৎসাহ প্রদান করেন। যেহেতু পায়ের শেষাংশে সাধারণত ওযূর পানি না পৌঁছার কারণে তাহারাতে এবং সালাত আদায়ে বিঘ্ন ঘটে তাই তিনি জানিয়ে দেন যে, তার ওপর আযাব নির্ধারিত এবং আযাব তার ওপর যে শর‘ঈ পবিত্রতার ক্ষেত্রে অলসতা-কারী।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3535